

বর্ধমান জিলা পরিষদ
বাস্তুকার বিভাগ
কোর্ট কমপাউন্ড, বর্ধমান ৭১৩১০১

স্মারক সংখ্যা :- ডি.ই./টোল/৪৮৩

তারিখ :- ২২/৪/১৫

:- টোল ট্যাক্স সম্পর্কিত দরপত্র (সীল বিড়) আহানের বিজ্ঞপ্তি :-

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, জিলা পরিষদ, বর্ধমান এর অধীন নিম্নলিখিত রাস্তায় জিলা পরিষদের অনুমোদিত দরে ১(এক) বৎসরের জন্য অস্থায়ীভাবে দ্রব্য পরিবহন গাড়ীর টোল আদায়ের ইজারা বন্দোবস্তের জন্য সীল করা খামে দরপত্র আহান করা যাইতেছে।

১. সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতি হইতে পরিচিতি (নাম, পিতা সহ সম্পূর্ণ ঠিকানা, থানার নাম ইত্যাদি)
২. ভোট দেবার পরিচয় পত্রের নকল
৩. জিলা পরিষদের অনুকূলে জামিন জমা হিসাবে ৬,০০,০০০ (ছয় লক্ষ) টাকার ড্রাফট/পে অর্ডার/ব্যাঙ্কার্স চেক সহ জেলা বাস্তুকার, জিলা পরিষদের অনুকূলে বর্ধমান ব্যাঙ্কের এর উপর প্রদেয় (District Engineer, Zilla Parishad, Burdwan, payable at Burdwan)

ইং ১৯/০৫/২০১৫ (মঙ্গলবার) বেলা ৪.৩০ ঘটিকার মধ্যে জমা দিতে হইবে। সর্বোচ্চ ডাকের অর্ধেক টাকা ২১/০৫/২০১৫ (বৃহস্পতিবার) তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হইবে। বাকি অর্ধেক টাকা কার্যাদেশ তারিখ হতে অবশ্যই ৩(তিন) মাসের মধ্যে জমা দিতে হইবে নচেৎ বিনা নোটিশে তার দেওয়া চুক্তিপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং জিলা পরিষদ পুনরায় দরপত্র আহান করিবে। ঐ ডাকে অনাদায়ী ব্যক্তি বা সংস্থার দেওয়া ডাক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না। সকল ডাকদাতাকারীদের সংশ্লিষ্ট রাস্তার বর্তমান অবস্থা এবং অবস্থান সম্পর্কে ডাক দেওয়ার পূর্বে অবস্থিত হয়ে ডাক দিতে হইবে। এ বিষয়ে পরে কোন আপত্তি গ্রাহ্য হইবে না। এ প্রসঙ্গে আরও জ্ঞাত করা যাইতেছে যে, সর্বনিম্ন ডাক মূল্য ১,৫০,০০,০০০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা। সর্বনিম্ন সংরক্ষিত মূল্যের কমে পাওয়া দরপত্র গৃহীত হইবে না। জেলা বাস্তুকার অফিসে রক্ষিত নির্দিষ্ট টেন্ডার বক্সে দরপত্র জমা দিতে হইবে এবং ২০/০৫/২০১৫ (বুধবার) তারিখে বেলা ২.৩০ ঘটিকায় দরপত্র খোলা হইবে।

কার্যাদেশ প্রেরনের তারিখ হতে ৭ দিনের মধ্যে জিলা পরিষদের অনুমোদিত ফর্মে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। নতুবা তাহার কার্যাদেশ বিনা নোটিশে নাকচ হইয়া যাইবে, তৎসহ তাহার দেয় টাকাও বাজেয়াপ্ত হইবে।

সড়কের বিবরণ

:- বর্ধমান-১ পঞ্চায়েত সমিতি এলাকায় “বর্ধমান-কাটোয়া রোড হতে বর্ধমান-সিউড়ি রোড (ভায়াম পালিতপুর)” পর্যন্ত রাস্তার দ্রব্য পরিবহন গাড়ীর টোল ট্যাক্স আদায়।

দরপত্র জমা দেওয়ার স্থান, তারিখ ও সময়

:- জেলা বাস্তুকার অফিস, জিলা পরিষদ, বর্ধমান ১৯/০৫/২০১৫ (মঙ্গল বার) বেলা ৪.৩০ ঘটিকা পর্যন্ত

দরপত্র খোলার সময়

:- ২০/০৫/২০১৫ (বুধবার) বেলা ২.৩০ ঘটিকায়।

for
জেলা বাস্তুকার
বর্ধমান
২২/০৪/১৫

স্মারক সংখ্যা :-ডি.ই.টোল/৪৬৬/১০০

তারিখ :- ২২/৪/১৫

প্রতিলিপি অকগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল :- মাননীয় সভাপতি, জিলা পরিষদ/জেলা শাসক, বর্ধমান ও নির্বাহী আধিকারিক বর্ধমান জিলা পরিষদ/অতিরিক্ত নির্বাহী আধিকারিক, বর্ধমান জিলা পরিষদ / আর্থিক নিয়ামক ও মুখ্য হিসাব আধিকারিক, বর্ধমান জিলা পরিষদ/অধিক্ষক বাস্তুকার, পি ডাবলু ডি, পি ডাবলু (রোডস)/কর্মক্ষম,পূর্তকার্য ও পরিবহন স্থায়ী সমিতি বর্ধমান জিলা পরিষদ / সচিব, বর্ধমান জিলা পরিষদ/ মহকুমা শাসক, (সকল)/নির্বাহী বাস্তুকার,পি এন্ড আর ডি. বর্ধমান জিলা পরিষদ/নির্বাহী বাস্তুকার,পশ্চিমবঙ্গ গ্রামীণ উন্নয়ন বিভাগ/নির্বাহী বাস্তুকার, পি.ডাবলু.ডি(রোডস)হাইওয়ে ডিভিসন-১,২ এবং ৩/নির্বাহী বাস্তুকার, পি.ডাবলু.ডি, বর্ধমান, আসানসোল/ সভাপতি, সকল পঞ্চায়েত সমিতি/নির্বাহী আধিকারিক, সকল পঞ্চায়েত সমিতি পঞ্চায়েত/প্রধান, সড়াইটিকর-১নং,সড়াইটিকর-২নং,বেলকাশ /সহকারী বাস্তুকার, (সকল) বর্ধমান জিলা পরিষদ / অপর সহকারী বাস্তুকার (সকল) বর্ধমান জিলা পরিষদ /ডি এ (বাস্তুকার বিভাগ)।

জেলা বাস্তুকার
বর্ধমান
২২/০৪/২০১৫

স্মারক সংখ্যা :-ডি.ই.টোল/৪৬৬/১০০/১

তারিখ :- ২২/৪/১৫

প্রতিলিপি পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের যুগ্ম সচিব মহাশয়-এর অকগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পাঠানো হল।

জেলা বাস্তুকার
বর্ধমান
২২/০৪/২০১৫

স্মারক সংখ্যা :-ডি.ই.টোল/৪৬৬/১০০/১/২

তারিখ :- ২২/৪/১৫

প্রতিলিপি উপ সচীব/ডি.আই.এ.,বর্ধমান জিলা পরিষদ মহাশয়কে ওয়েব সাইট <http://www.burdwanzp.org/> <http://www.burdwanzp.org> তে সম্প্রচারের জন্য প্রেরিত হল।

জেলা বাস্তুকার
বর্ধমান
২২/০৪/২০১৫